রঘুনাথগঞ্জ শাখার
শুভ উদ্বোধন উপলক্ষে
মাত্র ৬০্ টাকায় রেডিও

বাকী টাকা কিস্তিতে দেয়

ইলেকট্রনিকের সকল রকম
ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের
১৫ই অক্টোবর পর্য্যন্ত
১০্ টাকা হইতে ৩০্ টাকা পর্য্যন্ত
বিশেষ কনশেসন

ধনরাজ পিপাড়া
রঘুনাথগঞ্জ (সদরঘাট), মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গীপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২১শে ভাদ্র বুধবার, ১৩৭৩ ইং 7th Sept 1966 { ১৬শ সংখ্যা




ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




খাস জনতা

কেরোসিন কুকার

প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

সাইকেল ও সাইকেল পার্টস এর
নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান
স্থলভ ভাণ্ডার
রঘুনাথগঞ্জ চাউলপটী।

স্টুডেন্টস ফেভারিট

স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

২১শে ভাদ্র বুধবার সন ১৩৭৩ সাল।

# চুরি ডাকাতি ও দুর্নীতি দমন

পরাধীন ভারতেও চোর, ডাকাত, দুর্নীতি-পরায়ণ লোক যথেষ্ট ছিল। ভারত স্বাধীন হওয়ার সঙ্গে সঙ্গে সকল ভারতবাসী যেমন স্বাধীন হইয়াছে, ভারতবাসী চোর, ডাকাত, ঘুষখোর—এরাও স্বাধীন হইবে না, তাহার কারণ কি? এরা বেপরোয়া নিজেদের ব্যবসা চালাইয়া যাইতেছে। স্বাধীন ভারতে সবাই স্বাধীন, সুতরাং এরাই বা ধরা পড়িয়া জেলে পরাধীন হইতে যাইবে কেন? কবি জোর গলায় বলিয়াছেন—"স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়।"

চোর ধরিবার জন্য দেশের শান্তিরক্ষক নামধারী পুলিশ বিভাগ আছে। চোরের শাস্তি বিধানের জন্য ফৌজদারী আদালত আছে। দেশে যত চুরি ডাকাতি হয়, ধরা পড়ে তার অতি সামান্য অংশ। আদালতে বিচারার্থ হাজির করা হয় সেই অংশেরও সামান্য অংশ। বিচারে খালাস হয় বেশীর ভাগ। দণ্ড যাহারা পায়, লোকে বলে—তাহারাই গাধা চোর, বা তাদের তদ্বির করার লোক নাই। বিচারক তো বিচার করিবেন সাক্ষ্য প্রমাণ লইয়া? সাক্ষী যা বলিবে যদি আসামীর উকিল মোক্তারের কুট বুদ্ধিতে থতমত খাইয়া কথার খামিয়ত ক'রে ফেলে বিচারক আইনানুসারে সন্দেহের ফল আসামীকে দিতে বাধ্য হন। সুতরাং ধরা পড়িলেই যে চোরের সাজা হইবে এ আশা করা দুরাশা। সুতরাং জেল বিভাগটী বাঁচাইয়া রাখিয়াছে—এই চোর-ডাকাত-দুর্নীত জনগণের এক সামান্য সংখ্যক নির্ব্বোধ বা কারাবাস-প্রীতিসম্পন্ন মুষ্টিমেয় দুর্ভাগ্যেরা।

## শিক্ষক দিবস

গত ৫ই সেপ্টেম্বর সোমবার ৫-৪৫ মিনিটে রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি হলে জঙ্গিপুর জাতীয় শিক্ষক-কল্যাণ সংস্থার উদ্যোগে ভারতের রাষ্ট্রপতি ডাঃ সর্ব্বপল্লী রাধাকৃষ্ণণের জন্মদিবস তথা "শিক্ষক দিবস" পালিত হয়।

জঙ্গিপুরের মহকুমা-শাসক শ্রীনৃসিংহপ্রসাদ বাগচী, আই-এ-এস ও অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক শ্রীবিষ্ণু সরস্বতী, এম-এ-বি-টি মহাশয়দ্বয় যথাক্রমে সভাপতি ও প্রধান অতিথির আসন গ্রহণ করেন।

সভায় প্রাথমিক শিক্ষক শ্রীবরেন্দ্রনাথ রায়, শিক্ষিকা শ্রীমতী মায়া বাগচী সঙ্গীতে, শিক্ষিকা শ্রীমতী আরতি চন্দ গীটার-বাদ্যে ও শিক্ষক শ্রীবৈদ্যনাথ ঘোষ বাঁশী বাজাইয়া উপস্থিত জনগণকে আনন্দ দান করেন। শ্রীমতী মিতা রায় ও গোপা রায় আবৃত্তি ও বালিকা মীনাক্ষী ব্যানার্জ্জী নৃত্য করেন। প্রাথমিক শিক্ষক শ্রীঅমরনাথ রায়, শ্রীজিতেন্দ্রনাথ সাহা, প্রবীণ শিক্ষক শ্রীপ্রসন্নকুমার মুখোপাধ্যায়, নরওয়েজিয়ান মিশনের মিঃ এগল্যাণ্ড ও প্রধান অতিথি মহাশয়গণ সময়োপযোগী ভাষণ দান করেন। সংস্থার সম্পাদক ও উপ-সহকারী বিদ্যালয় পরিদর্শক শ্রীপ্রফুল্লকুমার দেবনাথ মহাশয় ও তাঁহার সহকর্ম্মিগণ নিমন্ত্রিতগণকে বিশেষভাবে অভ্যর্থনা করেন।

সভার পূর্ব্বে রঘুনাথগঞ্জ মাঠে জঙ্গিপুর চক্র ও রঘুনাথগঞ্জ চক্রের মধ্যে প্রীতি ফুটবল ম্যাচ খেলা হয়।

## শিক্ষক দিবস পালন

গত ৫ই সেপ্টেম্বর সোমবার গোপালনগর প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক শ্রীআদিনাথ চট্টোপাধ্যায়ের সভাপতিত্বে শিক্ষক দিবস পালন করা হয়। এই সভা রাষ্ট্রপতির দীর্ঘজীবন ও সুস্থ-দেহ কামনা করে।

রঘুনাথগঞ্জ মিউনিসিপ্যাল বয়েজ প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নেতৃত্বে ৫ই সেপ্টেম্বর সকালে প্রভাত ফেরী বাহির হয় এবং শিক্ষক দিবস পালন করা হয়। শিক্ষক ও ছাত্রছাত্রীরা রাষ্ট্রপতির দীর্ঘজীবন কামনা করে।

## মন্ত্রীদের টেলিফোন ও রাহা খরচ

১৯৬৬ সালের জানুয়ারী থেকে জুলাই-এর শেষ পর্য্যন্ত সাত মাসে পশ্চিমবঙ্গের মন্ত্রীরা অফিসে ও গৃহে টেলিফোন খরচা বাবদ মোট ৭২,২৫৪ টাকার বিল পেশ করেন। ১৯৬৫ সালে সারা বছরে ঐ বিল ছিল ৭৪,৬৬২ টাকার। এছাড়া এবছর ২২শে আগষ্ট পর্য্যন্ত টি এ এবং ডি এ বাবদ মন্ত্রীরা সরকারী তহবিল থেকে ১৮,৩৭২ টাকা গ্রহণ করেছেন। ১৯৬৫ সালে টি এ এবং ডি এ বাবদ তাঁরা মোট ৬১,৭৬৪ টাকা নিয়েছিলেন। বুধবার রাজ্য অর্থমন্ত্রী শ্রীশৈলকুমার মুখোপাধ্যায় বিধান সভায় শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ের ( নির্দ্দল ) এক প্রশ্নের লিখিত জবাবে এই তথ্য পেশ করেন।

## সরষের মধ্যে ভূত

মঙ্গলবার শেষ রাত্রে আলিপুরে চব্বিশ পরগণা পুলিশ সদর দফতরের কনট্রোল রুম থেকে প্রায় ৪৫টি খুন জখম ও ডাকাতি মামলার গুরুত্বপূর্ণ কাগজপত্র পাচার করতে গিয়ে এক পুলিশ কর্ম্মচারী কলকাতা পুলিশের এক কনেষ্টবলের হাতে বমাল ধরা পড়েছে। তার বাড়ীতে তল্লাস করেও অনেক কাগজপত্র পাওয়া গিয়েছে। এই ঘটনার সঙ্গে অনেকে জড়িত বলে পুলিশের সন্দেহ।

## টায়ার ও টিউবের উপর ধার্য বিক্রয়কর

পশ্চিমবঙ্গ বিক্রয়কর আইন, ১৯৫৮ অনুসারে ১ সেপ্টেম্বর (১৯৬৬) থেকে মোটরযানে ব্যবহারের জন্য টায়ার ও টিউব এবং টায়ার ও টিউবের ফ্ল্যাপ মোটরযান নির্মাতাদের কাছে বিক্রয়ের ব্যাপারে বর্ধিতহারে বিক্রয়কর ধার্য হয়েছে। এই বিক্রয়করের হার শতকরা দুই থেকে বাড়িয়ে শতকরা তিন করা হয়েছে।

পশ্চিমবঙ্গ বিক্রয়কর আইন, ১৯৫৪ এর ২(ঙ)(২) ধারার ক্ষেত্রে হ্রাসের হার হবে শতকরা ২½ ভাগ।

মির্জাপুর দ্বিজপদ সর্বার্থসাধক বিদ্যালয়

পোঃ গনকর, জেলা মুর্শিদাবাদ

বিদ্যালয়ের পরিচালক সভা পুনর্গঠন বিষয়ে

## প্রাথমিক বিজ্ঞপ্তি

বর্ত্তমান পরিচালক সভার নির্দেশক্রমে বিদ্যালয়ের ছাত্রছাত্রীর অভিভাবক, সংশ্লিষ্ট দাতা, হিতৈষী ও শিক্ষানুরাগী ব্যক্তিগণকে জানান যাইতেছে যে ১৯৬৬ সালের ২৭শে নভেম্বর, রবিবার, এই বিদ্যালয়ের পরিচালক সভার পুনর্গঠনকল্পে **সদস্য নির্বাচন** হইবে। এতদুপলক্ষে যে প্রাথমিক ভোটার তালিকা প্রণয়ন করা হইবে তাহার নিয়মাবলী ও নির্বাচন কার্যের কর্মসূচী সর্বসাধারণের অবগতির জন্য নিম্নে উল্লেখ করা হইল।

১। ছাত্রছাত্রীর ন্যায়সঙ্গত অভিভাবকগণই অভিভাবক বলিয়া পরিগণিত হইবেন।

২। ২৭শে অক্টোবর, ১৯৬৬ যখন প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ করা হইবে, তখন যে সকল ছাত্রছাত্রী ১৭ই অক্টোবর সোমবার মধ্যে তাহাদের আগষ্ট মাস পর্যন্ত বেতন ও যাবতীয় দেয় ফি পরিশোধ করিয়া দিবে, তাহাদেরই অভিভাবক/অভিভাবিকাগণই ভোটার তালিকাভুক্ত হইতে পারিবেন।

আর যাহারা এই সময়ের মধ্যে তাহাদের বেতন ও অন্যান্য দেয় ফি জমা দিতে পারিবে না, তাহারা যদি ৩রা নভেম্বর, ১৯৬৬ মধ্যে ১৯৬৬ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত বেতন ও যাবতীয় ফি জমা দিতে পারে তবে তাহাদের অভিভাবকগণ চূড়ান্ত ভোটার তালিকায় স্থান পাইবেন এবং সদস্য নির্বাচনে প্রার্থী হইতে বা অংশ গ্রহণ করিতে অধিকারী হইবেন।

৩। বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা, দাতা, হিতৈষী ও শিক্ষানুরাগী ব্যক্তি হিসাবে যাঁহার যে গুণাবলী আছে তাহা বিবেচনা করিয়া বর্ত্তমান পরিচালক সভা তাঁহাকে সেই সেই হিসাবে ভোটার তালিকাভুক্ত করিবেন।

৪। প্রারম্ভিক ভোটার তালিকা প্রকাশিত হইলেই সর্বসাধারণ তাহা পরীক্ষা নিরীক্ষা করিয়া তাঁহাদের বক্তব্য যথাসময়েই বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট লিখিতভাবে পেশ করিতে পারিবেন।

৫। পরিচালক সভা পুনর্গঠনের জন্য নিম্নলিখিত সদস্য গ্রহণ করা হইবে:—

| | | |
|---|---|---|
| ১। | অভিভাবক — | ৪ |
| ২। | প্রতিষ্ঠাতা — | ১ |
| ৩। | দাতা — | ১ |
| ৪। | হিতৈষী ও শিক্ষানুরাগী — | ১ |
| ৫। | স্থানীয় চিকিৎসক — | ১ |
| ৬। | প্রধান শিক্ষক — | ১ |
| ৭। | শিক্ষক প্রতিনিধি — | ২ |
| ৮। | সরকার প্রতিনিধি — | ১ |
| | মোট | ১২ জন |

উক্ত ১, ২, ৩, ৪, ৫নং পর্যায়ভুক্ত প্রতিনিধি নির্বাচনের বিস্তারিত কর্মসূচী নিম্নে দেওয়া হইল। অনুরোধ করি, নির্দ্ধারিত সময় মধ্যে প্রত্যেকে কার্য করিবেন এবং বিদ্যালয়ের কল্যাণে পরিচালক সভার সাহত আন্তরিক সহযোগিতা ও সর্বতোভাবে সাহায্য করিবেন। বিদ্যালয় স্থানীয় ব্যক্তিগণেরই।

বিদ্যালয়ের পরিচালক সভা পুনর্গঠনকল্পে সদস্য নির্বাচনের কর্মসূচী:—

(ক) প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ—২৭শে অক্টোবর, ১৯৬৬ বেলা ১১টা।

(খ) ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির দাবী বা অবাঞ্ছনীয় ব্যক্তির নাম অন্তর্ভুক্ত হইয়া থাকিলে তাহার নাম বাদ দিবার অভিযোগ—৩রা নভেম্বর, ১৯৬৬ বেলা ৩টা মধ্যে।

(গ) উপরোক্ত আবেদন-পত্রের বিবেচনা (সংশ্লিষ্ট আবেদনকারীর সম্মুখে)—৪ঠা নভেম্বর, ১৯৬৬ বেলা ৪টা।

(ঘ) চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ—১০ই নভেম্বর, ১৯৬৬ বেলা ১১টা।

(ঙ) সদস্য পদের জন্য মনোনয়নপত্র দাখিল (মনোনয়ন-পত্রের খসড়া প্রধান শিক্ষকের নিকট পাইবেন)—২১শে নভেম্বর, ১৯৬৬ বেলা ৪টা মধ্যে।

(চ) মনোনয়ন-পত্র পরীক্ষা ও নিরীক্ষা—২২শে নভেম্বর, ১৯৬৬ বেলা ৪টায়।

(ছ) মনোনয়ন-পত্র প্রত্যাহার—২৩শে নভেম্বর ১৯৬৬ বেলা ৪টা মধ্যে।

(জ) সদস্য নির্বাচন (প্রয়োজন বোধে)—২৭শে নভেম্বর, ১৯৬৬, রবিবার, বেলা ১০টা হইতে ৪টা পর্যন্ত।

বিশেষ দ্রষ্টব্য:—স্থানীয় বিশিষ্ট শিক্ষাবিদ ও পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের অন্যতম সদস্য শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায় মহাশয়ের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও সভাপতিত্বে সদস্য নির্বাচন কার্য অনুষ্ঠিত হইবে।

শ্রীরমাকান্ত আচার্য্য,
প্রধান শিক্ষক

৪-৯-৬৬ মির্জাপুর সর্বার্থসাধক বিদ্যালয়।

## সরকারী বিজ্ঞপ্তি

সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, মুর্শিদাবাদ পোঃ বহরমপুর, বিজ্ঞাপিত করিতেছেন মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকার কর্তৃক ২৮।৭।৬৬ তারিখের সভায় কান্দি সালার রুটে স্থায়ীভাবে রুটের অপারেটর (ক) শ্রীঅজিতকুমার চ্যাটার্জি, খাগড়া, (খ) শ্রীরাজেন্দ্রকিশোর কর, খাগড়া-এর অনুকূলে প্রত্যহ উভয়দিকে অতিরিক্ত এক ট্রিপ এবং (গ) শ্রীতারাপদ গুছাইত, কান্দি-এর অনুকূলে প্রত্যহ উভয়দিকে অতিরিক্ত দুই ট্রিপ মঞ্জুর করার সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। ১৯৩৯ সালের মোটর যান আইনের ৫৭ ধারা অনুযায়ী এই ব্যাপারে আর্জিসমূহ উপরোক্ত সচিব কর্তৃক ১৯৬৬ সালের ৩০ সেপ্টেম্বর বৈকাল ৫টা পর্যন্ত গৃহীত হইবে। আঞ্চলিক পরিবহন প্রাধিকার কর্তৃক আর্জিসমূহ (যদি পাওয়া যায়) বিবেচনার তারিখ, সময় ও স্থান যথা সময়ে জানানো হইবে।

### কমলাদেবী চট্টোপাধ্যায়ের ম্যাগসেসে পুরস্কার লাভ

সমাজ সেবার স্বীকৃতি হিসাবে শ্রীমতী কমলাদেবী চট্টোপাধ্যায় আজ ১০,০০০ মারকিন ডলারের র‍্যামন ম্যাগসেসে পুরস্কার পেয়েছেন। ফিলিপাইন-এর রাষ্ট্রপতি ফারডিনানড মারকোস তাঁর হাতে পুরস্কার তুলে দেন।





**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং *বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি* ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |

---

## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

*ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের*

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।